অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রস্তাবিত নিয়মের প্রতি নিউ ইয়র্কের বিরোধিতা করার কথা ঘোষণা করেন যা শিশুদের স্থায়ীকরণ এবং দত্তক গ্রহণকারী সংস্থাগুলোকে এলজিবিটিকিউ (LGBTQ) পরিবারদের প্রতি বৈষম্যমূলক আচরণ অনুমোদন করবে

ছয়টি রাজ্য সংস্থা প্রস্তাবিত বিধির বিরোধিতা করে প্রকাশ্য মন্তব্য জমা দেয়

প্রস্তাবিত নিয়ম, নিউ ইয়র্কের বিদ্যমান বৈষম্য বিরোধী আইন (Anti-Discrimination Laws) যা এই রাজ্য বলবৎ করতে থাকবে, তার বিরুদ্ধে,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রস্তাবিত নিয়ম পরিবর্তনের বিরোধিতা করার ঘোষণা করেছেন যা শিশুদের স্থায়ীকরণ এবং দত্তক গ্রহণকারী সংস্থাগুলোকে LGBTQ পরিবারদের প্রতি বৈষম্যমূলক আচরণ করতে অনুমোদন করে। যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রস্তাবিত নিয়মের ফলে, যৌন অভিমুখিতা এবং লিঙ্গ পরিচয় বা প্রকাশের উপর ভিত্তি করে বৈষম্যমূলক ব্যবহার করে এমন অন্যান্য যুক্তরাষ্ট্রীয় তহবিল প্রাপ্ত কার্যক্রমের পথ সুগম হতে পারে। এই কার্যক্রমগুলির মধ্যে রয়েছে বিস্তৃত গুরুতর পরিষেবাসমূহ, সহায়ক আবাসন, গার্হস্থ্য হিংসা সমর্থন, মা ও নবজাত শিশুর স্বাস্থ্য নিশ্চিত করা, বয়স্কদের জন্য চাকরির প্রশিক্ষণ, এইচআইভি (HIV) নিয়ে বেচে থাকা মানুষের জন্য পরিষেবা এবং শিশুদের জন্য হেড স্টার্ট কার্যক্রম (Head Start programs) সমূহ।

ছয়টি সংস্থা--শিশু ও পরিবার পরিষেবা দপ্তর (Office of Children and Family Services, OCFS), মানবাধিকার বিভাগ (Division of Human Rights, DHR), ঘরবাড়ি ও সম্প্রদায় নবীকরণ (Homes and Community Renewal, HCR), ঘরোয়া সহিংসতা প্রতিরোধ দপ্তর (Office for the Prevention of Domestic Violence, OPDV), স্বাস্থ বিভাগ (Department of Health, DOH), এবং বয়স্কদের দপ্তর (Office for the Aging, NYSOFA) --এই সপ্তাহে একসঙ্গে যোগ হয়ে প্রস্তাবিত নিয়ম পরিবর্তনের বিরোধিতা করে প্রকাশ্যে মন্তব্য জমা দেন। তাদের মন্তব্যে সংস্থাগুলি স্পষ্ট করে দেয় যে ফেডারেল পর্যায়ে যাই ঘটুক না কেন, নিউ ইয়র্ক রাজ্য কোন ব্যক্তির বিরুদ্ধে LGBTQ বা রাজ্যের মানবাধিকার আইনের (State's Human Rights Law) অধীনে রক্ষিত অন্য কোনো বিভাগের অন্তর্ভুক্ত হবার জন্য বৈষম্যমূলক আচরণ সহ্য করবে না। নভেম্বর মাসে গভর্নর কুওমো আরও ঘোষণা করেন, যদি যুক্তরাষ্ট্রীয় সরকার এই বৈষম্যমূলক নিয়ম জারি করে, তাহলে নিউ ইয়র্ক রাজ্য তা বন্ধ করতে আইনগত ব্যবস্থা নেবে।

"এটি LGBTQ সম্প্রদায়ের বিরুদ্ধে একটি হৃদয়হীন, অপ্রীতিকর প্রস্তাব, এমন এক যুক্তরাষ্ট্রীয় সরকার থেকে যার উদ্দেশ্য ঘড়ির কাটা ফিরিয়ে বৈষম্যকে আইনি করা," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক এই প্রস্তাবিত নিয়মের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে যা LGBTQ আমেরিকানদের মর্যাদাকে অপমান করে এবং শিশুদের ভালোবাসা পরিবারদের অস্বীকার করার জন্য শিশুদের স্থায়ীকরণ এবং দত্তক গ্রহণকারী সংস্থাগুলোকে অনুমতি প্রদান করে।"

2016 সালে, যুক্তরাষ্ট্রীয় সরকার একটি নীতি প্রণয়ন করে যা আমেরিকার স্বাস্থ্য এবং মানব সেবা দপ্তর (Department of Health and Human Services, HHS) থেকে অর্থ গ্রহণ করা সংস্থাদের যৌন অভিমুখিতা এবং লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করে। তবে 19 নভেম্বর, 2019-এ, HHS একটি প্রস্তাবিত নিয়ম পরিবর্তন প্রকাশ করেছে যা এই বৈষম্য বিরোধী প্রয়োজনীয়তা পূর্বাবস্থায় নিয়ে যাবে। এই প্রস্তাবিত নিয়ম HHS গ্রাহক বা উপ-গ্রাহকদের একই লিঙ্গের বিবাহের বৈধতা স্বীকৃতির প্রয়োজন বর্জন করবে। প্রস্তাবিত এই নিয়ম নিউ ইয়র্ক রাজ্যের বৈষম্যবিরোধী আইনের সাথে সঙ্গতিহীন, অনুদান প্রাপকদের অধিকার ও বাধ্যবাধকতা নিয়ে বিভ্রান্তি সৃষ্টি করবে, এবং যারা গুরুতর পরিষেবা চাইছে তাদের উপর এক শীতল প্রভাব ফেলতে পারে। নিউ ইয়র্ক রাজ্যে পরিচালিত কার্যক্রম এবং পরিষেবাগুলি যা সাধারণ জনগণের কাছে উপলব্ধ এবং সরকারি তহবিল দ্বারা সমর্থিত, তাদের এখনও সব প্রযোজ্য নিউ ইয়র্ক রাজ্য বৈষম্য বিরোধী আইন এবং সুরক্ষা (New York State anti-discrimination laws and protections) মেনে চলতে হবে।

শিশু ও পরিবার সেবা দপ্তরের (Office of Children and Family Services) কমিশনার শিলা জে. পুল বলেন, "প্রস্তাবিত বিধিটিতে LGBTQ শিশু ও পরিবারদের প্রতি বৈষম্যমূলক আচরণ অনুমোদিত করবে, এবং শিশু ও পরিবারদের নিরাপত্তা, স্থিরতা এবং ভাল থাকা উন্নত করে না। আমি গর্বিত যে নিউ ইয়র্ক রাজ্য এই কর্মকাণ্ডের জোরদার বিরোধিতা করছে। নিউ ইয়র্ক রাজ্যে আমরা সকল পরিবারদের স্বাগত জানাই, যারা প্রতিপালিত বা দত্তক নেওয়া শিশুদের ভালবাসাময় এবং যত্নশীল বাড়ি প্রদান করতে ইচ্ছুক এবং প্রস্তুত।"

মানবাধিকার বিভাগের (Division of Human Rights) কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্ডেজ বলেন, "প্রস্তাবিত এই নিয়মটি লক্ষাধিক আমেরিকানদের জন্য এক অযৌক্তিক অবনতির পদক্ষেপ। একটি শিশুর প্রতিপালন করা মানুষের অভিজ্ঞতার একটি মৌলিক অংশ এবং LGBTQ নিউ ইয়র্কবাসীদের সেই সুযোগ অস্বীকার করা আমরা মেনে নিতে পারি না। মানবাধিকার বিষয়ক নিউ ইয়র্ক রাজ্য বিভাগ (New York State Division of Human Rights), যৌন অভিমুখিতা ও লিঙ্গপরিচয় বা মতপ্রকাশের ওপর ভিত্তি করে বৈষম্য করে এমন সকল সংস্থাদের দায়বদ্ধ করবে।"

ঘরবাড়ি ও সম্প্রদায় নবীকরণ, কমিশনার রুথ অ্যান ভিসনাউসকাস বলেন, "এই প্রস্তাবিত নিয়মটি আমাদের জাতির কঠোর সংগ্রাম করা নাগরিক অধিকার আইন এবং বৈষম্য রোধে নিউ ইয়র্কের দৃঢ় অঙ্গীকারের দিকে সরাসরি তাক করে। এটা গ্রহণ করা চলবে না। আমরা কঠোর পরিশ্রম করি যাতে সব মানুষ ন্যায্য এবং সমান আচরণ পায়, নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সামাজিক চাহিদা পূরণের জন্য সাশ্রয়ী বাড়ি তৈরি করা সহ। LGBTQ সম্প্রদায়ের অনেক সদস্য

আবাসন অস্থিতিশীলতা নিয়ে সংগ্রাম করে এবং বছরের পর বছর ধরে বৈষম্যের শিকার ও কলঙ্কিত হওয়ার কারণে তাদের গৃহহীন হওয়ার ঝুঁকির মুখে পড়তে হয়। সামাজিক সেবা প্রদানকারীদের মানুষকে পরিচয়ের ভিত্তিতে ফিরিয়ে দেওয়ার অনুমতি দেওয়া অনৈতিক, ভুল এবং নিউ ইয়র্ক আইনের পরিপন্থী।"

পারিবারিক সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের নির্বাহী পরিচালক কেলি ওয়েনস বলেন, "নিউইয়র্ক রাজ্য এবং OPDV এটি নিশ্চিত করতে কাজ করে যেন প্রত্যেক গার্হস্থ্য সহিংসতার শিকার হওয়া ব্যক্তি সেই সব পরিষেবা পান যা তাদের নিজেদের নিরাপদ রাখতে প্রয়োজন। আমরা এই প্রস্তাবিত নিয়মের তীব্র বিরোধিতা করছি, যার মাধ্যমে গার্হস্থ্য সহিংসতার শিকার ব্যক্তিদের সেবা প্রদানকারীদের থেকে বৈষম্যর শিকার হতে হবে এবং তাদের সম্ভাব্য জীবন রক্ষাকারী সম্পদ অস্বীকার করার সম্ভাবনা বৃদ্ধি পাবে।"

স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "LGBTQ পরিবারদের প্রতিপালন বা দত্তক গ্রহণ করা থেকে বাধা দেওয়া বিশুদ্ধ বৈষম্য, যা শুধুমাত্র অসহিষ্ণুতার উপর ভিত্তি করা। এই নিয়মের ফলে রাজ্যের সর্বত্র গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য পরিষেবা কার্যক্রম দুর্বল হওয়ার সম্ভাবনাও রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health) এই সব সংস্থার সাথে যোগ দেয় এই হৃদয়হীন যুক্তরাষ্ট্রীয় প্রস্তাবের নিন্দা করতে, যা কেবল আরো বৈষম্যমূলক অনুশীলনের সম্ভাবনা বাড়াতে পারে।"

অফিস ফর দ্য এজিং এর ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "এই ক্ষতিকারক প্রস্তাবিত নিয়ম শুধুমাত্র সমর্থন এবং পরিষেবার প্রয়োজনে LGBTQ বয়স্ক ব্যক্তিদের উপর বিধ্বংসী প্রভাব ফেলবে না, যে প্রাপ্তবয়স্ক এবং শিশুরা ব্যাপকভাবে তাদের সম্প্রদায়ের মধ্যে স্বেচ্ছাসেবক প্রোগ্রাম এবং সহায়তা পেতে লাভবান হয়, তাদের অবিলম্বে প্রয়োজনের উপরে বৈষম্যমূলক ব্যক্তিগত বিশ্বাস স্থাপন করে, এটি ইতিমধ্যেই সীমিত স্বেচ্ছাসেবকের সংখ্যা আরও কমিয়ে দেবে। আমি এই ক্ষতিকারক প্রস্তাবিত বিধির বিরোধিতায় নেতৃত্ব প্রদানের জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর বিকাশ ও বেড়ে ওঠার উপযোগী বৈচিত্র্যপূর্ণ, সমন্বিত, বয়স অনুকূল সম্প্রদায় তৈরির ক্ষেত্রে অব্যাহত অঙ্গীকারের জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি।"

আজকের এই প্রক্রিয়া হল LGBTQ সম্প্রদায়ের উপর যুক্তরাষ্ট্রীয় সরকারের ধারাবাহিক আক্রমণের বিরুদ্ধে গভর্নর কুওমোর লড়াইয়ের সাম্প্রতিক পদক্ষেপ। গত সেপ্টেম্বর মাসে, গভর্নর যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রস্তাবিত নিয়ম পরিবর্তনের বিরোধিতার কথা ঘোষণা করেছেন, যা যুক্তরাষ্ট্রীয় ঠিকাদারদের জন্য "ধর্মীয় ছাড়" এর সংজ্ঞা বিস্তৃতভাবে প্রসারিত করবে এবং এই সব সংস্থাগুলির জন্য লিঙ্গ, যৌন অভিমুখিতা, লিঙ্গ পরিচয় বা মতপ্রকাশের ভিত্তিতে বৈষম্য প্রকাশ করা সহজতর করে তুলবে। গত আগস্ট মাসে, গভর্নর যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রস্তাবের বহু-সংস্থা বিরোধিতা করে ঘোষণা করেন যা হিজড়া এবং লিঙ্গ প্রথাবিরোধী ব্যক্তিদের জন্য বৈষম্যমূলক সুরক্ষা বিনষ্ট করবে এবং যে ধরনের বীমা সাশ্রয়ী যত্ন আইনের (Affordable Care Act) অবৈষম্য সুরক্ষা মতে চলতে হবে তা সীমিত করবে। জুন মাসে ফৌজদারি কার্যবিধিতে "গে অ্যান্ড ট্রান্স প্যানিক" ডিফেন্স ব্যবহার নিষিদ্ধ করে আইন সই করেন গভর্নর। জানুয়ারিতে গভর্নর কুওমো জেন্ডার এক্সপ্রেশন

নন-ডিস্ক্রিমিনেশন অ্যাক্টে (Gender Expression Non-Discrimination Act) স্বাক্ষর করেন, যা একটি যুগান্তকারী আইন এবং নিয়োগদাতা, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়িওয়ালা, ঋণদাতা এবং অন্যান্যদের নিষিদ্ধ করে লিঙ্গ পরিচিতি বা অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্য প্রদর্শন করায়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন